বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা।

২ অরফ্যানেজ রোড, বকশিবাজার, ঢাকা-১২১১

(www.ebmeb.gov.bd/ www.bmeb.gov.bd)

দাখিল পরীক্ষা-২০২২

উত্তরপত্র পুনঃনিরীক্ষণ সংক্রান্ত বিজ্ঞপ্তি

আবেদন করার সময়: ২৯/১১/২০২২ থেকে ০৫/১২/২০২২

- শুধুমাত্র টেলিটক প্রি-পেইড মোবাইল থেকে উত্তরপত্র পুনঃনিরীক্ষণের আবেদন করা যাবে। আবেদন করতে মোবাইল ফোনের Message অপশনে গিয়ে RSC <Space> দিয়ে বোর্ডের নামের প্রথম তিন অক্ষর অর্থাৎ MAD লিখে <Space> রোল নম্বর লিখে আবার <Space> দিয়ে Subject Code লিখে Send করতে হবে **16222** নম্বরে।

  উদাহরণঃ RSC <Space> MAD <Space> রোল নম্বর (যেমন- **373631**) <Space> দিয়ে Subject Code (যেমন- কুরআন মাজিদ ও তাজভিদ- 101, ইসলামের ইতিহাস- 109) লিখে Send করতে হবে **16222** নম্বরে।

- অপেক্ষা করুন ফিরতি Message এর জন্য, ফিরতি Message-এ পরীক্ষার নাম, বিষয় কোড, আবেদনের ফি বাবদ কত টাকা কেটে নেওয়া হবে তা জানিয়ে একটি Pin Number প্রদান করা হবে। আবেদনে সম্মত থাকলে পুনরায় Message অপশনে গিয়ে RSC <Space> Yes <Space> Pin Number <Space> Contact Number (যে মোবাইলে নম্বরের মাধ্যমে ফলাফল জানতে চান) লিখে Send করুন **16222** নম্বরে।

- উত্তরপত্র পুনঃনিরীক্ষণের ক্ষেত্রে একই SMS এর মাধ্যমে একাধিক বিষয়ের জন্য আবেদন করা যাবে। যেমন- কুরআন মাজিদ ও তাজভিদ, হাদিস শরিফ ও ইসলামের ইতিহাস এ ০৩ (তিন) বিষয়ের জন্য টেলিটক (প্রি-পেইড) মোবাইলের Message অপশনে গিয়ে RSC <Space> MAD <Space> Roll Number <Space> 101,109 লিখে **16222** নম্বরে SMS করতে হবে।

- একপত্র বিশিষ্ট বিষয়ের জন্য ১২৫/- (একশত পঁচিশ) টাকা, দুইপত্র বিশিষ্ট বিষয়ের জন্য ২৫০/- (দুইশত পঞ্চাশ) টাকা SMS এর মাধ্যমে পাঠাতে হবে। দুইপত্র বিশিষ্ট বিষয়- কুরআন ও হাদিস শরিফ কোড-101 লিখতে হবে।

- **কোন ব্যাংক ড্রাফট করতে হবে না এবং বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড থেকে কোন প্রকার আবেদন ফরম সরবরাহ করা হবে না।**

বিশেষ দ্রষ্টব্য: ২০২২ সালের দাখিল পরীক্ষায় যে সকল বিষয়ে পরীক্ষা অনুষ্ঠিত হয়েছে শুধুমাত্র সে সকল বিষয়ে উত্তরপত্র পুনঃনিরীক্ষণের আবেদন করা যাবে।

- **Teletalk Helpline: 1234**

মোঃ কামাল উদ্দিন 26.11.22
পরীক্ষা নিয়ন্ত্রক
বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
ফোন : ৫৮৬১০২০২, ফ্যাক্স: ৫৮৬১৭৯০৮
ই-মেইল: controller@bmeb.gov.bd